

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে নবীনবরণ



সম্প্রতি ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের নবীনবরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপাচার্য প্রফেসর সৈয়দ সাদ আন্দালিব। বক্তৃতা দেন উপ-উপাচার্য প্রফেসর ফুয়াদ হাসান মল্লিক; প্রফেসর রিয়াজ পার্থ খান; ইংরেজি ও মানবিক অনুষদের প্রধান, প্রফেসর ফিরদৌস আজিম এবং ব্র্যাক ইসটিটিউট অফ ল্যান্ডস্কেপের পরিচালক, সৈয়দা সারওয়াত আবেদ। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার সুখেন্দ্র কুমার সরকার, রেজিস্ট্রার মুহাম্মদ সহল আফজাল ও নবীনদের উষ্ণ অভ্যর্থনা জানান।

প্রফেসর আন্দালিব, সম্মিলিত সহযোগিতা এবং নিয়মিত পড়াশুনার ওপরে জোর দেন এবং শিক্ষা ক্ষেত্রে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সর্বাঙ্গীন উন্নয়নভিত্তিক আদর্শের উপর আলোকপাত করেন। পাশাপাশি সংশ্লিষ্ট বক্তারা ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের সঙ্গে মতবিনিময় করেন যার বিষয়বস্তু ছিল ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের নিয়ম-নীতি, ক্যাম্পাস জীবন, সংস্কৃতি ও কৃষ্টির অনুশীলন, শিক্ষা ও সামাজিক দায়বদ্ধতা ইত্যাদি। এছাড়াও ভিডিও উপস্থাপনার মাধ্যমে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সাভার ক্যাম্পাসের আবাসিক সেমিষ্টার, লাইব্রেরী ও এলামনাই সাফল্য তুলে ধরা হয়।